দৈনিক ইত্তেফাক

২৫

তারিখ ... SEP. -2 1999

পৃষ্ঠা ১৫ কলাম ৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

# ক্যাম্পাসে ধর্মঘটের সমর্থক ও বিরোধী ছাত্রদের মধ্যে হাঙ্গামা

**ইত্তেফাক রিপোর্ট ॥** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ভর্তি ফি প্রত্যাহারের দাবীতে ছাত্র ধর্মঘট আহবানকারী কতিপয় বাম ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের সঙ্গে ক্যাম্পাসে ধর্মঘট বিরোধী ছাত্রদের হাঙ্গামার মধ্যদিয়া গতকাল (রবিবার) অনির্দিষ্টকালের জন্য আহূত ধর্মঘটের পঞ্চমদিন অতিবাহিত হয়। গতকালও কোন ক্লাস পরীক্ষা হয় নাই। ক্যাম্পাস পরিবহন বন্ধ ছিল। এদিকে বর্ধিত ভর্তি ফি প্রত্যাহারের দাবীতে 'সাধারণ ছাত্র-ছাত্রী'-এর ব্যানারে একদল ছাত্র আজ সকাল ৯টা হইতে প্রশাসনিক ভবনে আমরণ অনশন করার কর্মসূচী ঘোষণা করিয়াছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, বাম ছাত্র সংগঠনের উচ্ছৃঙ্খল নেতা-কর্মীর বাধার মুখে শিক্ষকরা বিভাগসমূহে প্রবেশ করিতে পারেন নাই। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)



## জা'নগর বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

চলমান অচলাবস্থার প্রতিবাদে তাহাদের গৃহীত সিদ্ধান্তে বহাল থাকিবে বলিয়া জানাইয়াছে। অপরদিকে আন্দোলন পরিচালনাকারী বাম সংগঠনের নেতা কর্মীরা বর্ধিত ভর্তি ফি প্রত্যাহার করা না হইলে সৃষ্ট অচলাবস্থা অব্যাহত থাকিবে বলিয়া জানাইয়াছেন। বর্ধিত ভর্তি ফি সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমঝোতা কমিটি প্রস্তাবিত ১৩৬০ টাকা হইতে হ্রাসকৃত ৫৬০ টাকা বর্ধিত ফি সংযোজনের সিদ্ধান্তে অনড় রহিয়াছে বলিয়া জানা গিয়াছে। তবে গতকাল বাম সংগঠনসমূহের হাতেগোনা কয়েকজন নেতা-কর্মী ছাড়া অবরোধ, ঘেরাও, পরীক্ষায় অংশগ্রহণে বাধাদান কর্মসূচীতে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি লক্ষ্য করা যায় নাই।

গতকাল সকাল সাড়ে ৯টায় ভূগোল ও পরিবেশ বিভাগের ২৪তম ব্যাচের সম্মান পরীক্ষার্থীরা ৩১২ নং ব্যবহারিক কোর্সের ফাইনাল পরীক্ষা দিতে আসেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, ছাত্র ইউনিয়ন এবং ছাত্র ফেডারেশন জা.বি-শাখার নেতা কর্মীরা ছাত্র-ছাত্রীদের সমাজ বিজ্ঞান অনুষদ ভবনে প্রবেশে বাধা প্রদান করে। এই সময় কতিপয় বাম কর্মীর সহিত ছাত্র-ছাত্রীদের কথা কাটাকাটি শুরু হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে কতিপয় বাম নেত্রী ভূগোল ও পরিবেশ বিভাগের সম্মান পরীক্ষার্থীদের মারমুখী হইয়া ধাওয়া করে বলিয়া জানা গিয়াছে। ছাত্র-ছাত্রীরা পাল্টা ধাওয়া করিলে বাম সংগঠনের নেতা-কর্মীরা অনুষদ ভবনের ভিতরে প্রবেশ করিয়া কলাপসেবল গেইটে তালা মারিয়া ভেতরে অবস্থান নেয়। সকাল দশটায় পরীক্ষার সময় অতিবাহিত হইয়া গেলে বাম সংগঠনের কর্মীরা সাড়ে এগারটার সময় সমাজ বিজ্ঞান অনুষদ ত্যাগ করিয়া কলাভবনে ইংরেজী বিভাগের ২য় বর্ষের কোর্স ফাইনাল পরীক্ষা ঠেকাইতে যায়। সেখানেও ইংরেজী বিভাগের ছাত্র-ছাত্রীদের সহিত বাম নেতা-কর্মীদের কথা কাটাকাটি হয়। বাম কর্মীদের বাধার মুখে গতকাল ইংরেজী বিভাগের কোন পরীক্ষা অনুষ্ঠিত হইতে পারে নাই। উল্লেখ্য, ভূগোল ও পরিবেশ বিভাগের সম্মান পরীক্ষার্থীরা গত ৪ মাস যাবৎ পরীক্ষা দিতেছে না। হরতাল, ভর্তি পরীক্ষা, পরীক্ষার্থীদের অসুস্থতাসহ গতকালের ঘটনায় এই বিভাগের পরীক্ষা গতকালসহ মোট দশবার পিছাইল। গতকাল ছাত্র-ছাত্রীরা, পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য প্রায় মরিয়া হইয়া ওঠে।